দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 1 ■ 1999

পৃঃ ... কলাম ৭

# যারা ভুয়া মাদ্রাসা দেখিয়ে চাঁদাবাজি করে সেসব মাদ্রাসা বন্ধ করে দেয়া হয়েছে

## —আমীর হোসেন আমু

**নরসিংদী থেকে জেলা সংবাদদাতা ঃ** আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আমীর হোসেন আমু বলেছেন, যারা ভুয়া মাদ্রাসা দেখিয়ে চাঁদাবাজি করে, সরকারী টাকা আত্মসাৎ করে সেসব মাদ্রাসা বন্ধ করে দেয়া হয়েছে। অন্য কোনো মাদ্রাসা বন্ধ করা হয়নি। তিনি গতকাল (শনিবার) বিকেলে নরসিংদী শহরের জাহাঙ্গীর স্টীল কারখানা এলাকায় জেলা আওয়ামী লীগ আয়োজিত আওয়ামী লীগ প্রতিষ্ঠার সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী মোঃ নাসিম, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী লেঃ জেনারেল (অবঃ) নুরুদ্দীন খান, রাজি উদ্দিন আহমেদ রাজু এমপি।

এডভোকেট আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন মুকুল বোস, নূরুল মজিদ হুমায়ুন, এডভোকেট এস এ হাদী, আমীরুল ইসলাম ভূঞা। অনুষ্ঠান পরিচালনা করেন আঃ মতিন ভূঞা।

জনাব আমু বলেন, ধর্ম কখনো রাজনীতির বন্ধু হতে পারে না। ধর্ম রাজনীতির বন্ধু হলে দেশে একটি ইসলামী দল হতো, ইরাক ও ইরান যুদ্ধ হতো না। ইরাক-কুয়েত যুদ্ধ হতো না। তিনি বলেন, ধর্ম পবিত্র জিনিস, পবিত্র জায়গায় থাকবে।

স্বরাষ্ট্রমন্ত্রী মোঃ নাসিম বলেন, পুলিশের মধ্যে প্রতিহিংসার সৃষ্টি করে রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য বিএনপি নেতারা পুলিশ কনস্টেবল ফরহাদকে হত্যা করেছে। বিএনপি ভেবেছিল বোমা মেরে পুলিশ হত্যা করলে পুলিশ উত্তেজিত হয়ে শত শত মানুষ গুলী করে হত্যা করবে। আর এ সুযোগ গ্রহণ করবে বিএনপি। কিন্তু তা হয়নি।